ই - সংবাদ

কদমতলা ব্লকে নানা উন্নয়ন কাজ

ধর্মনগর, ৫ আগষ্ট ।। পঞ্চায়েত উন্নয়ন তহবিলের অর্থে ২০১৬ অর্থ বছরে কদমতলা ব্লক এলাকার ১৯টি গ্রাম পঞ্চায়েতে স্থায়ী সম্পদ সৃষ্টি সহ বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হয়েছে । এজন্য ব্যয় হয়েছে ৫২ লক্ষ ১১ হাজার টাকা । এছাড়া, ত্রয়োদশ অর্থ কমিশনের অর্থে ব্লক এলাকার ১৯টি গ্রাম পঞ্চায়েতে বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়নে ব্যয় হয়েছে ২ কোটি ৪৫ লক্ষ ৪৫ হাজার টাকা । সংশ্লিষ্ট ব্লকের বি ডি ও বৈজয়ন্ত দাস এই সংবাদ জানান ।

করবুকে রেশম চাষে ১১০টি পরিবারকে সহায়তা

উদয়পুর, ৫ আগষ্ট ।। করবুক মহকুমার শিলাছড়ি ও করবুক ব্লক এলাকার গরীব পরিবারগুলিকে আর্থিকভাবে স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্প দপ্তর থেকে এম জি এন রেগার মাধ্যমে রেশম চাষে সহায়তা দেওয়া হচ্ছে । চলতি অর্থ বছরে রেগার মাধ্যমে করবুক মহকুমার ২টি ব্লকের ১১০টি পরিবারকে রেশম গুটি পালনের জন্য ৪৬ একর জমিতে তুঁত বাগান করে দেওয়া হচ্ছে । এতে ব্যয় হবে ১৯ লক্ষ ৩২১ টাকা এবং শ্রমদিবস সৃষ্টি হবে ৬ হাজার ৫২৪টি ।

জিরানীয়ায় লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

জিরানীয়া, ০৫ আগষ্ট ।। জিরানীয়া নগর পঞ্চায়েত এবং তথ্য সংস্কৃতি দপ্তরের যৌথ উদ্যোগে গতকাল অগ্নিবীণা টাউন হলে জিরানীয়া নগর পঞ্চায়েত ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । এই উৎসবের উদ্বোধন করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের প্রাক্তণ সভাধিপতি শুক্লা সরকার । উদ্বোধনী ভাষণে তিনি সকলকে সুস্থ সংস্কৃতির বার্তা ছড়িয়ে সারা রাজ্যে শান্তি সম্প্রীতি ও ঐক্যের বন্ধন আরও সুদৃঢ় করার আহ্বান জানান । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রদীপ দেবনাথ । তিনিও সুস্থ সংস্কৃতির বিকাশে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান । অনুষ্ঠানে বক্তব্য রাখেন নগর পঞ্চায়েতের কার্য নির্বাহী আধিকারিক ত্রিদিব সরকার, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব কেশব ভট্টাচার্য এবং জিরানীয়া এস ডি পি ও শ্যামনন্দ শর্মা । স্বাগত ভাষণ দেন **জিরানীয়া তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের** আই সি ও ।

অনুষ্ঠানে নগর পঞ্চায়েত এলাকার ৬টি লোক সংস্কৃতি দল মনসামঙ্গল, ৫টি দল লোক নৃত্য এবং ১টি দল জারিসারি পরিবেশন করেন । জিরানীয়া নগর পঞ্চায়েতের পক্ষ থেকে শিল্পীদের উৎসাহ দানের জন্য মনসামঙ্গলের ৩টি সেরা দল ও লোক নৃত্যের ৩টি সেরা দল এবং জারিসারির দলকে পুরস্কৃত করা হয়েছে । সম্প্রতি জিরানীয়া ব্লকের পূর্ব দেবেন্দ্রনগর ও মধ্য দেবেন্দ্রনগর গ্রাম পঞ্চায়েত ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয়েছে। চম্পকনগর হারাধন সাহা স্মৃতি কমিউনিটি হলে আয়োজিত দুটি পঞ্চায়েতের লোক সংস্কৃতি উৎসবে উপস্থিত ছিলেন এম ডি সি সুকুমার দেববর্মা এবং পশ্চিম জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য স্থায়ী কমিটির সভাপতি সঞ্জয় দাস, জিরানীয়ার বি ডি ও অরিন্দম দাস, সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত দুটির প্রধান ও উপ প্রধানগণ । অতিথিগণ সুস্থ সাংস্কৃতিক পরিমন্ডল গড়ে তোলার বিষয়ে আলোচনা করেন । সেই সাথে শান্তি সম্প্রীতি আরও সুদৃঢ় করার গুরুত্বারোপ করেও বক্তব্য রাখেন । উৎসবে দুঞ্চটি পঞ্চায়েত থেকে ৫টি দলের লোক শিল্পীরা লোক নৃত্য, **সংগীত, মনসামঙ্গল ও ভক্তিগীতি পরিবেশন করেন। এদিকে,** সম্প্রতি বেলবাড়ি ব্লকের চম্পকনগর ভিলেজ কমিটির কার্যালয় প্রাঙ্গণে আয়োজিত হয় চম্পকনগর ভিলেজ ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব। উৎসবের উদ্বোধন করেন ভিলেজ চেয়ারম্যান জওহরলাল দেববর্মা । উপস্থিত ছিলেন এলাকার বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব সমরজিৎ দেববর্মা ও কুসুমকলি দেববর্মা । ২০ জন উপজাতি লোক শিল্পী অনুষ্ঠানে গড়িয়া নৃত্য, বাউল ও জাদুকলিজা পরিবেশন করেন ।

দক্ষিণ জেলা ভিত্তিক লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

বিলোনীয়া, ৫ আগষ্ট ।। আজ বিলোনীয়া টাউন হলে দক্ষিণ ত্রিপুরা জেলা ভিত্তিক লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । তথ্য ও সংস্কৃতি দপ্তর, জেলা প্রশাসন, জিলা পরিষদ এবং বিলোনীয়া পুর পরিষদের যৌথ উদ্যোগে আয়োজিত এই উৎসবের উদ্বোধন করেন বিধানসভার মুখ্য সচেতক বাসুদেব মজুমদার । উদ্বোধনী ভাষণে শ্রী মজুমদার বলেন, লোকসংস্কৃতি গ্রামীণ সংস্কৃতি । তিনি লোকসংস্কৃতি বিকাশের ক্ষেত্রে আরো বেশী সংখ্যক বুদ্ধিজীবি অংশের মানুষকে এগিয়ে আসার আহ্বান জানান। সভায় সম্মানিত অতিথির ভাষণে জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায় হারিয়ে যাওয়া সংস্কৃতি পুনরুদ্ধারে এবং সুষ্ঠু সংস্কৃতি চর্চায় সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন শুভ্রা মিত্র, ভাইস চেয়ারপার্সন সুবল রায়, রাজনগর, ভারতচন্দ্রনগর ও ঋষ্যমুখ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান যথাক্রমে রত্না দাস, নির্মল ভৌমিক, আশীষ দত্ত, জেলা শাসক সি কে জমাতিয়া,জেলা পুলিশ সুপার ইপ্পার মনচাক প্রমুখ । সভাপতিত্ব করেন জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি শ্রীদাম সূত্রধর । অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন এস আই ও মনোজ দেববর্মা । জেলা ভিত্তিক লোকসংস্কৃতি উৎসবে চার শতাধিক শিল্পী অংশ নেন ।

সিদ্ধা পাড়ায় রেগায় কাজ

আমবাসা, ৫ আগষ্ট ।। গঙ্গানগর ব্লকের সিদ্ধাপাড়া ভিলেজে চলতি অর্থ বছরে এম জি এন রেগায় ৫টি কাঁচা রাস্তা নির্মাণ করা হচ্ছে । এর জন্য ব্যয় হবে ২৪ লক্ষ ১৯ হাজার ১৪৯ টাকা । শ্রমদিবস সৃষ্টি হবে ১৩ হাজার ৬৩৭টি । এছাড়া, রেগায় মাছ চাষের একটি জলাশয় সৃষ্টির কাজ চলছে । এর জন্য ব্যয় হবে ৯৬ হাজার ৬৩০ টাকা । শ্রমদিবস সৃষ্টি হবে ৯৯০টি।

আগামী ৭ আগষ্ট অমরপুর মহকুমা হাসপাতালের উদ্বোধন

উদয়পুর, ৫ আগষ্ট ।। আগামী ৭ আগষ্ট এক অনুষ্ঠানের মাধ্যমে অমরপুর মহকুমা হাসপাতালের নব নির্মিত দ্বিতল ভবনের উদ্বোধন হবে। ঐ দিন বিকাল ৩ টায় এই ভবনের দ্বারোদঘাটন করবেন মুখ্যমন্ত্রী মানিক সরকার । অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী বাদল চৌধুরী । বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি সুনীতি সাহা, বিধায়ক পরিমল দেবনাথ, ড্যানিয়েল জমাতিয়া ও প্রিয়মনি দেববর্মা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব সমরজিৎ ভৌমিক, স্বাস্থ্য অধিকর্তা ডাঃ জে কে দেববর্মা, গোমতী জেলার জেলা শাসক র‍্যাভেল হেমেন্দ্র কুমার প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন তরুণ চক্রবর্তী ।

রাজ্যের সার্বিক উন্নয়নের স্বার্থেই শান্তি-সম্প্রীতি সুদৃঢ় করতে হবে -সমাজ কল্যাণ মন্ত্রী

ধর্মনগর, ০৪ আগষ্ট ।। শিক্ষাঙ্গণে সুস্থ ও সুন্দর পরিবেশ অক্ষুন্ন রাখতে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী বিজিতা নাথ ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছেন । গতকাল ধর্মনগর সরকারী মহাবিদ্যালয়ে নবীন বরণ উৎসবের উদ্বোধন করে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী শ্রীমতি নাথ বলেন, দেশ আজ এক কঠিন পরিস্থিতির মধ্য দিয়ে চলছে । শিক্ষার অঙ্গণকে কলুষিত করতে এক শ্রেণীর মানুষ বিভিন্ন স্থানে অপপ্রয়াস চালিয়ে যাচ্ছে । চক্রান্তকারীদের প্রতি সতর্ক নজর রাখতে হবে এবং আমাদের ঐতিহ্য নষ্ট হয় এমন চক্রান্ত প্রতিহত করতে হবে । তিনি বলেন, উন্নয়নের প্রধান শর্তই হল শান্তি ও সম্প্রীতি । রাজ্যের সার্বিক উন্নয়নের স্বার্থে সর্বত্র শান্তি ও সম্প্রীতি সুদৃঢ় করতে তিনি আহ্বান জানান। সমাজ কল্যাণ মন্ত্রী শ্রীমতি নাথ বলেন, রাজ্য সরকার ধারাবাহিক ভাবে শিক্ষার পরিকাঠামোর উন্নয়নে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে । তিনি বলেন, কেন্দ্রীয় সরকার শিক্ষাখাতে যেখানে ২ থেকে ৩ শতাংশ অর্থ খরচ করছে সেখানে রাজ্য সরকার বাজেটের ২০ থেকে ২২ শতাংশ অর্থ শিক্ষার জন্য খরচ করছে । এরই ফলে রাজ্যের শিক্ষার পরিকাঠামোর সম্প্রসারণ ঘটছে। এই সুযোগকে কাজে লাগাতে তিনি ছাত্রছাত্রীদের পরামর্শ দেন । ধর্মনগর বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে এই নবীন বরণ উৎসবের আয়োজন করা হয় । এতে মহাবিদ্যালয়ের নবীন ছাত্রছাত্রীরা সহ সকল অংশের ছাত্রছাত্রী শিক্ষকগণ উপস্থিত ছিলেন । অধ্যক্ষ ড. শম্ভুনাথ রক্ষিত তার আলোচনায় ছাত্রছাত্রীদের ভালভাবে পড়াশুনা করে নিজেদের পাশাপাশি কলেজের সুনাম বৃদ্ধি করার আহ্বান জানান । এছাড়াও বক্তব্য রাখেন শিক্ষক অজয় দে, বিশিষ্ট কবি জ্যোতির্ময় রায়, প্রাক্তন ছাত্র অর্জুন নাথ, কাজল আহমেদ, সরকারী মহাবিদ্যালয়ের ছাত্রসংসদের সাধারণ সম্পাদক সন্দীপ দে প্রমুখ। অনুষ্ঠানে ছাত্রছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।

উত্তর জেলায় স্বাধীনতা দিবস উদযাপনের প্রস্তুতি

ধর্মনগর, ৪ আগষ্ট ।। স্বাধীনতা দিবসের উত্তর জেলার মূল অনুষ্ঠান আয়োজিত হবে ধর্মনগরের বীর বিক্রম ইনস্টিটিউশনের মাঠে । সেদিন সকাল ৯.১০ মিনিটে জেলার মূল অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করবেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী বিজিতা নাথ । ধর্মনগর মহকুমা শাসকের অফিস কক্ষে আজ ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন শক্তি ভট্টাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এই সিদ্ধান্ত হয় । স্বাধীনতা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে আগামী ১৩-১৫ আগষ্ট তিন দিনের সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আয়োজিত হবে সাফাই অভিযান, ট্যাবলো প্রতিযোগিতা, সংহতি দৌড়, সাঁতার, আল্পনা, টাগ-অব-ওয়ার, চেঞ্জিং বল, বসে আঁকো, ক্যুইজ প্রতিযোগিতা, প্রীতি ফুটবল ম্যাচ ও স্বেচ্ছা রক্তদান শিবির । এছাড়া, এদিন ধর্মনগর জেলা হাসপাতাল, মহকুমা কারাগার ও দেওয়ানপাশা বৃদ্ধাশ্রমের আবাসিকদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে ।

স্বাধীনতা দিবস উপলক্ষে ১৫ আগষ্ট ধর্মনগর শহরে আয়োজিত হবে প্রভাত ফেরী । সূর্যোদয়ের সাথে সাথে বেসরকারী প্রতিষ্ঠান ও সকাল সাড়ে সাতটায় সকল সরকারী প্রতিষ্ঠানে ও শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে । সেদিন বীর বিক্রম ইনস্টিটিউশনের মাঠে মূল অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয় ও সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা দেশাত্মবোধক সঙ্গীত ও নৃত্য পরিবেশন করবেন । স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে আজ প্রস্তুতি সভায় সমগ্র অনুষ্ঠানকে সুষ্ঠু ভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা চেয়ে আলোচনা করেন পুর পরিষদের চেয়ারপার্সন শক্তি ভট্টাচার্য, ধর্মনগর মহকুমা শাসক প্রদীপ আচার্য প্রমুখ ।

ধলাইয়ে ম্যালেরিয়া নির্মূলীকরণ কমিটির সভা অনুষ্ঠিত

আমবাসা, ৪ আগষ্ট ।। ধলাই জেলা ম্যালেরিয়া নির্মূলীকরণ কমিটির এক সভা আজ জেলা শাসকের কার্যালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। জেলা শাসক বিকাশ সিং-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় ম্যালেরিয়া নির্মূলীকরণ কর্মসূচী সম্পর্কে পর্যালোচনা হয় । সভায় জেলার প্রতিটি স্বাস্থ্য কেন্দ্র এলাকার বর্তমান অবস্থা এবং দপ্তরের কাজকর্ম, ডি ডি টি ছড়ানো, এলাকার জনসাধারণকে জল বাহিত রোগ এবং স্বাস্থ্য বিষয়ে সচেতন করতে স্বাস্থ্য কর্মী এবং আশাকর্মীদের ভূমিকা নিয়ে বিস্তারিত আলোচনা হয় । জেলা শাসক অক্টোবর মাস পর্যন্ত বিভিন্ন গ্রামে বিশেষ ভাবে এই বিষয়ে নজর রাখতে নির্দেশ দেন । এর জন্য সর্বত্র স্বাস্থ্য শিবির করতে বলেন তিনি । পাশাপাশি সর্বত্র ডি ডি টি ছড়ানোর উপরও জোর দেন । তিনি গঙ্গানগর এবং মানিক পুর এলাকার প্রতি বিশেষ নজর রাখতে মেডিক্যাল অফিসারদের নির্দেশ দেন ।

ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: সঞ্জয় বিশ্বাস জানান, ১০ জুলাই থেকে জেলার বিভিন্ন গ্রামে প্রথম পর্যায়ে ডি ডি টি ছড়ানোর কাজ চলছে এবং ২৫ সেপ্টেম্বর পর্যন্ত চলবে। গত জানুয়ারী মাস থেকে জুন মাস পর্যন্ত জেলার বিভিন্ন গ্রামে ২০৮২টি স্বাস্থ্য শিবির করা হয়েছে । এতে ৫৫,৫৭১ জন রোগীর চিকিৎসা করা হয়েছে বলে তিনি জানান । সভায় আমবাসার মহকুমা শাসক মুক্তিপদ পাল, লংতরাইভ্যালী মহকুমা শাসক সুভাষ সাহা এবং সংশ্লিষ্ট এলাকার মেডিক্যাল অফিসারগণ নিজ নিজ এলাকার কর্মসূচী রূপায়ণ সম্পর্কে আলোচনা করেন । বি এস এফ, সি আর পি এফ, টি এস আর -এর প্রতিনিধিগণ এবং বিভিন্ন দপ্তরের অফিসারগণও সভায় উপস্থিত ছিলেন ।

কৃষ্ণপুরে লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

তেলিয়ামুড়া, ৪ আগষ্ট ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গতকাল তেলিয়ামুড়া ব্লকের কৃষ্ণপুর পঞ্চায়েত ভিত্তিক লোকসংস্কৃতি উৎসব আয়োজিত হয় । ঐ পঞ্চায়েতের বাইশ ঘড়িয়া মুক্ত মঞ্চে আয়োজিত এই উৎসবে পঞ্চায়েত এলাকার ২২ জন শিল্পী লোকসংগীত, লোকনৃত্য ও দেশাত্মবোধক সংগীত পরিবেশন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংশ্লিষ্ট পঞ্চায়েত প্রধান বিপ্লব দাস । উপস্থিত ছিলেন পঞ্চায়েত সদস্য সন্তোষ দত্ত, সদস্যা রমা লোধ, সমাজসেবী উত্তম পাল প্রমুখ ।

কাঞ্চনমালা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের নতুন ভবন ও সিনাই নদীর উপর পাকা সেতুর উদ্বোধন

আগরতলা, ০৪ আগষ্ট ।। স্বাস্থ্য ও পূর্ত দপ্তরের মন্ত্রী বাদল চৌধুরী আজ ডুকলী ব্লকের মিশ্র জনবসতিপূর্ণ গ্রাম কাঞ্চনমালায় নবনির্মিত ১০ শয্যা বিশিষ্ট কাঞ্চনমালা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এবং সিনাই নদীর উপর নবনির্মিত কাঞ্চনমালা - পূর্বচাম্পামুড়া পাকা সেতুর উদ্বোধন করেছেন। এখন থেকে কাঞ্চনমালা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটি ২৪ ঘন্টা খোলা থাকবে। আগে এর পরিষেবা ছিল সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত। গ্রামোন্নয়ন দপ্তর এই প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটি নির্মাণ করেছে। এর জন্য ব্যয় হয়েছে ৪২ লক্ষ টাকা। অপরদিকে, পূর্ত দপ্তরের তত্বাবধানে কোলমাইনস এসোসিয়েটেড ট্রেডার্স প্রাইভেট লিমিটেড সিনাই নদীর উপর ৫০ মিটার দৈর্ঘ্য ও ৭.৫০ মিটার প্রস্থ এই সেতুটি নির্মাণ করেছে। এতে ব্যয় হয়েছে ৫.৪৩ লক্ষ টাকা।

এ উপলক্ষ্যে কাঞ্চনমালা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র প্রাঙ্গণে আয়োজিত এক অনুষ্ঠানে স্বাস্থ্য ও পূর্ত দপ্তরের মন্ত্রী বাদল চৌধুরী রাজ্যে জাতি - উপজাতির মধ্যে শান্তি - সম্প্রীতি অক্ষুন্ন রাখার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, এক সময় কাঞ্চনমালা সহ আশপাশ গ্রামে সন্ত্রাসবাদীদের আক্রমণে অনেক রক্ত ঝড়েছে। জাতি - উপজাতির গণতন্ত্র প্রিয় শান্তিকামী মানুষের ঐক্যবদ্ধ প্রয়াসে শান্তির পরিবেশ ফিরিয়ে আনা সম্ভব হয়েছে। আজ সারা রাজ্যে শান্তির বাতাবরণ সৃষ্টি হয়েছে। একে আরো সংহত করতে হবে। স্বাস্থ্যমন্ত্রী বলেন, রাজধানী আগরতলা সংলগ্ন এই দক্ষিণ অঞ্চলে একমাত্র স্বাস্থ্য পরিষেবার কেন্দ্র ছিল আনন্দনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র। সম্প্রতি জম্পুইজলা ও টাকারজলায় এরূপ দু-টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র চালু করা হয়েছে। আজ এখানে চালু করা হল। আমরা চাই সকলের জন্য শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থান, খাদ্য, বাসস্থান, বিদ্যুৎ পরিষেবা ও পানীয় জলের সুব্যবস্থা হোক। আমরা সকলকে সঙ্গে নিয়ে রাজ্যকে এগিয়ে নিতে চাই। কিন্তু রাজ্যের বিভেদকামী শক্তি রাজ্যকে ভাগ করতে চায়। এর থেকে আমাদের সতর্ক থাকতে হবে।

সম্মানিত অতিথির ভাষণে বিধায়ক কেশব দেববর্মা বলেন, রাজ্য সরকারের উন্নয়ন কর্মধারায় এক সময়ে পিছিয়ে পড়া গ্রাম আজ উন্নয়নের দিকে এগিয়ে চলেছে। সম্মানিত অতিথি হিসেবে বিধায়ক নারায়ণ চৌধুরী ও বিধায়ক রাজকুমার চৌধুরী বক্তব্য রাখেন এবং রাজ্যের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। এছাড়া, বক্তব্য রাখেন পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা ডাঃ এন ডার্লং। স্বাগত ভাষণ দেন পূর্ত দপ্তরের সার্কেল ফোর -এর তত্বাবধায়ক বাস্তুকার শংকর বণিক। অনুষ্ঠানে সুরঝর্ণার শিল্পীরা উদ্বোধনী সংগীত পরিবেশন করেন। পরিবেশিত হয় স্বাস্থ্য বিষয়ক নাটক। সভাপতিত্ব করেন ডুকলী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রমিলা রায় (সরকার)।

গোমতী জেলা ভিত্তিক স্কুল স্তরের খো-খো ও কাবাডি প্রতিযোগিতা অনুষ্ঠিত

করবুক, ০৪ আগষ্ট ।। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে গতকাল করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে গোমতী জেলা ভিত্তিক অনূর্দ্ধ ১৭ বছরের ছেলে এবং মেয়েদের স্কুল স্তরের খো-খো এবং কাবাডি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতার উদ্বোধন করেন বিধায়ক প্রিয়মণি দেববর্মা। উপস্থিত ছিলেন মহকুমা ক্রীড়া আধিকারিক কালিপদ দাস, বিদ্যালয় পরিদর্শক বিষন্নহরি জমাতিয়া, পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক কার্তিক দেববর্মা এবং করবুক কমিউনিটি হেলথ সেন্টারের ভারপ্রাপ্ত মেডিক্যাল অফিসার ডাঃ ধনমণি ত্রিপুরা প্রমুখ। উদ্বোধকের ভাষণে বিধায়ক প্রিয়মণি দেববর্মা খেলাধূলায় অংশ গ্রহণের মাধ্যমে নিজেদের প্রতিভার বিকাশ ঘটানোর উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, এই ধরণের প্রতিযোগিতার মাধ্যমে প্রতিভাবান খেলোয়াড় উঠে আসবে, যারা আগামী দিনে রাজ্যের হয়ে জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে অংশ গ্রহণের মাধ্যমে রাজ্যের মুখ উজ্জ্বল করবে। জেলা ভিত্তিক আজকের এই প্রতিযোগিতায় ১৩২ জন অংশ নিয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন করবুক বি এ সি চেয়ারম্যান তরেন্দ্র রিয়াং।

জাতীয় কৃমি নাশক দিবস ঃ খোয়াইয়ে কর্মসূচী

খোয়াই, ৪ আগষ্ট ।। সারা রাজ্যের সাথে খোয়াই জেলাতেও আগামী ১০ আগষ্ট জাতীয় কৃমি নাশক দিবস পালিত হবে। খোয়াই জেলায় ১ থেকে ১৯ বছর বয়সের ৯১ হাজার ৮৫৮ জন শিশু ও কিশোর-কিশোরীকে কৃমি নাশক অষুধ খাওয়ানোর লক্ষ্যমাত্রা নেয়া হয়েছে। এর জন্য খোয়াই জেলার ৪৮৯টি বিদ্যালয়ে ও ১০৪২টি প্রাক প্রাথমিক শিক্ষা কেন্দ্রে শিশু ও কিশোর-কিশোরীদের কৃমি নাশক অষুধ খাওয়ানো হবে। জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: পি কে মজুমদার জানিয়েছেন, বিদ্যালয়ের বাইরে যে সমস্ত শিশু কিশোর কিশোরী রয়েছে তাদের আশা কর্মীদের মাধ্যমে সংশ্লিষ্ট এলাকার প্রাক প্রাথমিক শিক্ষা কেন্দ্রে কৃমি নাশক অষুধ খাওয়ানো হবে।

রাজনগর পঞ্চায়েতে নানা উন্নয়ন কাজ

সাব্রুম, ৩ আগষ্ট ।। পোয়াংবাড়ি ব্লকের উদ্যোগে রাজনগর পঞ্চায়েতে চতুর্দশ অর্থ কমিশনের অর্থে নানা উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হয়েছে। এতে ব্যয় হয়েছে ৫ লক্ষ ১ হাজার ৮২ টাকা। উক্ত প্রকল্পে পঞ্চায়েতের ৭টি পানীয় জলের উৎস, পাইপ লাইন ও ১টি পানীয় জলের ট্যাংক সংস্কারে ব্যয় হয়েছে ১ লক্ষ ৬১ হাজার ২৪৪ টাকা। রাস্তায় ক্রস ড্রেইন ও কালভার্ট নির্মাণে ব্যয় হয় ৩ লক্ষ ১১ হাজার ১৫২ টাকা এবং ২টি শৌচালয় সংস্কারে ব্যয় হয় ২৪ হাজার ৬৮৬ টাকা। সংশ্লিষ্ট পঞ্চায়েত কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে।

টুয়েপে নানা উন্নয়ন কাজ

খোয়াই, ৩ আগষ্ট ।। তেলিয়ামুড়া পুর পরিষদের বিভিন্ন ওয়ার্ডে টুয়েপের মাধ্যমে নানা উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হয়েছে। এই প্রকল্পে পুর পরিষদ এলাকার ৭ নং ওয়ার্ডে ২ লক্ষ ৮৮ হাজার টাকা ব্যয়ে ১৪৫ মিটার কংক্রিটের ঢালাই রাস্তা, ১৩ নং ওয়ার্ডে প্রাক প্রাথমিক শিক্ষা কেন্দ্রের পাশে ১ লক্ষ ৫৭ হাজার টাকা ব্যয়ে ২৩ মিটার বাউন্ডারী ওয়াল, ১৫ নং ওয়ার্ডে ১ লক্ষ ১৪ হাজার টাকা ব্যয়ে ১টি ওপেন মার্কেট শেড এবং ৮ নং ওয়ার্ডে ১ লক্ষ ৭ হাজার টাকা ব্যয়ে তেলিয়ামুড়া শ্মশানঘাটের ৩টি চুল্লী নির্মাণ করা হয়। সংশ্লিষ্ট পুর পরিষদের চেয়ারপার্সন সজল কুমার দেব এ তথ্য জানিয়েছেন।

পশ্চিম কুচাইনালা পঞ্চায়েতে লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

কমলপুর, ৩ আগষ্ট ।। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং পশ্চিম কুচাইনালা গ্রাম পঞ্চায়েতের যৌথ উদ্যোগে১ আগষ্ট উক্ত পঞ্চায়েত প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় পঞ্চায়েত ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব । অনুষ্ঠানের উদ্বোধন করেন দুর্গা চৌমুহনী পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান বিশ্বেশ্বর আহির । এছাড়া উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট পঞ্চায়েত প্রধান মায়া রাণী দাস ও উপপ্রধান স্বপন দেব প্রমুখ । অনুষ্ঠানে এলাকার শিল্পীরা লোক সঙ্গীত এবং লোকনৃত্য পরিবেশন করেন ।

সোনামুড়ায় হজ যাত্রীদের সম্বর্ধনা

সোনামুড়া, ২ আগষ্ট ।। ত্রিপুরা রাজ্য হজ কমিটি, সোনামুড়া ওয়াকফ কমিটি, সোনামুড়া নগর পঞ্চায়েত এবং সোনামুড়া মহকুমা প্রশাসনের যৌথ উদ্যোগে আজ মহকুমার নব নির্মিত টাউন হলে এ বছরের মহকুমার হজ যাত্রীদের সম্বর্ধনা দেওয়া হয় । সম্বর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংখ্যালঘু কল্যাণ মন্ত্রী সহিদ চৌধুরী । অনুষ্ঠানে তিনি বলেন, ভারতবর্ষের ধর্ম নিরপেক্ষতার নীতি আজ চ্যালেঞ্জের মুখোমুখি । এ দেশের মানুষ এখন মনের শান্তি ভোগ করতে পারছেনা । জাতপাত, ধর্মের ভিত্তিতে মানুষকে ভাগ করার চেষ্টা চলছে । এ সবের বিরুদ্ধে রুখে দাঁড়াতে তিনি বর্ণ-ধর্ম-সম্প্রদায় নির্বিশেষে সবার প্রতি আহ্বান জানান । মন্ত্রী সহিদ চৌধুরী আরও বলেন, রাজ্য সরকার সংখ্যালঘু অংশের জনগণের আর্থ-সামাজিক জীবনযাত্রার মান উন্নয়নে ২৮ দফা গুচ্ছ কর্মসূচি নিয়ে কাজ করছে । আগরতলায় প্রায় ৬ কোটি টাকা ব্যয়ে হজ ভবনের নির্মাণ কাজ শেষের পথে । এই অংশের জনগণের জন্য আগরতলায় একটি রেষ্ট হাউস তৈরী করার পরিকল্পনা নেয়া হয়েছে । অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন বিধায়ক শ্যামল চক্রবর্তী, ত্রিপুরা রাজ্য হজ কমিটির চেয়ারম্যান ফজলুর রহমান, ত্রিপুরা রাজ্য হজ কমিটির কার্যনির্বাহী আধিকারিক মোসলেম উদ্দীন আহমেদ ও সোনামুড়া বিভাগীয় ওয়াকফ কমিটির চেয়ারম্যান সামসুল হক । স্বাগত ভাষণ দেন মহকুমা শাসক সুমিত লোধ। অনুষ্ঠানে ১১ জন মহিলা সহ মহকুমার ২৯ জন হজ যাত্রীকে সম্বর্ধনা দেয়া হয় । সম্বর্ধনা অনুষ্ঠানে বিভিন্ন স্তরের জন প্রতিনিধি ছাড়াও বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন ।

তেলিয়ামুড়ায় উদ্বোধন হল সাব-ট্রেজারি অফিস

তেলিয়ামুড়া, ২ আগষ্ট ।। তেলিয়ামুড়া মহকুমা শাসক কার্যালয়ে এক অনুষ্ঠানের মাধ্যমে গতকাল মহকুমা সাব-ট্রেজারি কার্যালয়ের পথচলা শুরু হয় । প্রদীপ জ্বেলে এই সাব-ট্রেজারী অফিসের উদ্বোধন করেন মৎস্য, সমবায় ও অগ্নি নির্বাপক দপ্তরের মন্ত্রী খগেন্দ্র জমাতিয়া । উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি সাইনী সারকার, বিধায়ক মনীন্দ্র দাস, বিধায়ক গৌরী দাস, তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন সজল কুমার দে, মহকুমা শাসক জয়ন্ত দে প্রমুখ ।

উদ্বোধকের ভাষণে মন্ত্রী খগেন্দ্র জমাতিয়া বলেন, এই সাব-ট্রেজারি অফিসের সূচনার ফলে তেলিয়ামুড়া মহকুমাবাসীর দীর্ঘ দিনের প্রত্যাশা পূরণ হল । এখন থেকে মহকুমার বিভিন্ন সরকারী কার্যালয়ের ট্রেজারি সম্বন্ধীয় কাজের সুবিধা হবে। তিনি আরও বলেন, রাজ্য সরকার সমস্ত ক্ষেত্রেই উন্নয়নমূলক কাজের মাধ্যমে ত্রিপুরাকে একটি আদর্শ রাজ্যে উন্নীত করতে সচেষ্ট । সভাধিপতি সাইনী সরকার বলেন, এই সাব-ট্রেজারি অফিস উদ্বোধনের ফলে আগামী দিনে মহকুমার উন্নয়নমূলক কাজের গতি বাড়াবে । এছাড়া, বক্তব্য রাখেন বিধায়ক গৌরী দাস ও বিধায়ক মনীন্দ্র দাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অমরেশ চৌধুরী । স্বাগত ভাষণ দেন তেলিয়ামুড়া মহকুমার ডি সি এম অনুপম দাস ।

উদয়পুরে গাজন নৃত্যের কর্মশালা শুরু

উদয়পুর, ২ আগষ্ট ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং উদয়পুর গাজন পরিষদের ব্যবস্থাপনায় গতকাল থেকে শুরু হয়েছে ১০ দিন ব্যাপী গাজন নৃত্যের উপর সাংস্কৃতিক কর্মশালা । নেতাজী বিদ্যানিকেতনের হলে আয়োজিত এই কর্মশালার উদ্বোধন করেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব মানিক লাল চক্রবর্তী । কর্মশালায় অংশ গ্রহণকারী ৩০ জন প্রশিক্ষণার্থীকে গাজন নৃত্যের উপর বিশেষ প্রশিক্ষণ দেওয়া হবে । প্রশিক্ষণ চলবে ১০ আগষ্ট পর্যন্ত । উপস্থিত ছিলেন নেতাজী বিদ্যানিকেতনের প্রধান শিক্ষক প্রদীপ রঞ্জন চৌধুরী, মহকুমা তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক সহ বিশিষ্টজনেরা। সভাপতিত্ব করেন বিশিষ্ট ব্যক্তিত্ব নিত্য গোপাল দেবনাথ ।

জাতীয় কৃমি নাশক দিবস ঃ পোয়াংবাড়িতে কর্মশালা অনুষ্ঠিত

সাব্রুম, ২ আগষ্ট ।। জাতীয় কৃমি নাশক দিবস উদযাপন উপলক্ষ্যে গত ৩১ জুলাই পোয়াংবাড়ি উচ্চ বিদ্যালয়ে এক কর্মশালা অনুষ্ঠিত হয় । স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে আয়োজিত এই কর্মশালায় পোয়াংবাড়ি ব্লক এলাকার ২৬ টি বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ উপস্থিত ছিলেন । কর্মশালায় কিভাবে ছাত্র-ছাত্রীদের কৃমি নাশক ঔষধ খাওয়ানো হবে তার নিয়ম বিধি সম্পর্কে শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হয় । বিদ্যালয় পরিদর্শক অনিল দাস এবং ডাঃ সৌমেন হাজরা কর্মশালায় বক্তব্য রাখেন । উল্লেখ্য, আগামী ১০ আগষ্ট জাতীয় কৃমি নাশক দিবস । ঐ দিন ১-৬ বৎসর বয়সী সকল অঙ্গনওয়াড়ী কেন্দ্রের শিশু এবং ৬ -১৯ বৎসর বয়সী সকল ছাত্র-ছাত্রীকে কৃমি নাশক ঔষধ খাওয়ানো হবে ।

বিশালগড়ে সুকান্ত জন্ম জয়ন্তী উদযাপনের প্রস্তুতি

বিশালগড়, ২ আগষ্ট ।। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং বিশালগড় পুর পরিষদের যৌথ উদ্যোগে এবং কিশোর মহল বিশালগড় বিভাগের সহযোগিতায় আগামী ১৪ আগষ্ট বোধন কমিউনিটি হলে বিশালগড় মহকুমা ভিত্তিক সুকান্ত জন্ম জয়ন্তী উদযাপন করা হবে । এই অনুষ্ঠানকে সফল করে তোলার লক্ষ্যে সম্প্রতি পুর পরিষদের সদস্য পাখী সরকারের সভাপতিত্বে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় । সভার সিদ্ধান্ত অনুযায়ী ১৪ আগষ্ট বেলা ২ টায় বোধন হলে অনুষ্ঠিত হবে বসে আঁকো প্রতিযোগিতা । এরপর শুরু হবে সাংস্কৃতিক অনুষ্ঠান । এছাড়া, ঐ দিন সকালে বিশালগড় ব্লক চৌমুহনীতে সুকান্ত ভট্টাচার্যের মর্মর মূর্তিতে মাল্য দান করা হবে । ২৩ আগষ্ট বেলা ২ টায় নিউ মার্কেটস্থিত রাস অঙ্গনে বিশালগড় সংস্কৃতি সমন্বয় কেন্দ্রের সহযোগিতায় পুর এলাকা ভিত্তিক মনসামঙ্গল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এই অনুষ্ঠানকে সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সভা থেকে পুর পরিষদের চেয়ারপার্সন পূর্ণিমা চক্রবর্তীকে চেয়ারম্যান করে একটি প্রস্তুতি কমিটি গঠন করা হয় ।